



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-১১৫/ ৫১৩৪

তারিখঃ ০৮.১১.২০১৭খ্রিঃ

বিষয়ঃ তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

তাগিদপত্র

সূত্রঃ ১) নং-বামাশিবো/প্রশা/৪০৫/২/নথি নং-রংপুর-১১৫; তারিখঃ ০৩/০৮/২০১৭খ্রিঃ
২) নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-১১৫/৭৬১/৩; ০২.১০.২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার তারাগঞ্জ উপজেলাধীন দোহাজারী বিড়াইবাড়ী দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচন সংক্রান্ত কোরাম পূরণ না হওয়ায় উক্ত দিনের সভাকে মূলতবী ঘোষণা করে পুনরায় সভা আহ্বান কেন করা হলো না সে বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা প্রদানের জন্য সূত্রে উল্লিখিত নং স্মারকে মাদ্রাসার সুপারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে মাদ্রাসার সুপার একখানা জবাব দাখিল করেছেন, যা বোর্ড কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান হয়নি (কপি সংযুক্ত)। উল্লিখিত বিষয় ও মাদ্রাসার সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য তাঁকে সূত্রোক্ত ২নং স্মারকে পত্র দেয়া হয়েছিল, অদ্যাবধি কোন প্রতিবেদন পাওয়া যায়নি।

বর্ণিত অবস্থায় উল্লিখিত বিষয় ও মাদ্রাসার সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য তাঁকে পুনরায় অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার
তারাগঞ্জ, রংপুর।

নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-১১৫/

তারিখঃ .১১.২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, রংপুর।
২. জেলা শিক্ষা অফিসার, রংপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তারাগঞ্জ, রংপুর।
৪. সুপার, দোহাজারী বিড়াইবাড়ী দাখিল মাদ্রাসা, তারাগঞ্জ, রংপুর।
৫. সভাপতি, দোহাজারী বিড়াইবাড়ী দাখিল মাদ্রাসা, তারাগঞ্জ, রংপুর।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪